## Joint Press Release - 10th India-EU Human Rights Dialogue

July 15, 2022

## যৌথ প্রেস বিবৃতি - দশম ভারত - ইউরোপীয় ইউনিয়ন মানবাধিকার সংলাপ

जुलाई 15, 2022

15ই জুলাই 2022 তারিখে নিউ দিল্লিতে দশম ভারত-ইইউ মানবাধিকার সংলাপ অনুষ্ঠিত হয়েছে। ভারত এবং ইইউ মানবাধিকারকে রক্ষা ও প্রচার করার ক্ষেত্রে তাদের প্রতিশ্রুতি পুনরায় ব্যক্ত করেছে। এই প্রসঙ্গে, উন্মুক্ত এবং গণতান্ত্রিক সমাজ হিসেবে তারা সকল মানবাধিকারের সর্বজনীনতা, অবিভাজ্যতা, আন্তঃনির্ভরতা এবং আন্তঃসম্পর্কের উপরে জোর দিয়েছে।

- 2. সংলাপটি মানবাধিকার বিষয়ক বিষ্ণৃত পরিসরে আলোচনার অনুমতি দিয়েছে। অংশগ্রহণকারীরা 2021-এর এপ্রিলের বিগত সংলাপ থেকে ভারত এবং ইইউর মধ্যে তাদের নিজ নিজ পদ্ধতি, প্রচেষ্টা এবং অর্জনের রূপরেখা তুলে ধরেন।
- 3. ভারত এবং ইইউ, নাগরিক ও রাজনৈতিক অধিকার, সংখ্যালঘু ও দুর্বল গোষ্ঠীর মানুষদের অধিকার, ধর্ম ও বিশ্বাসের স্বাধীনতা, অনলাইন ও অফলাইনে মতামত প্রকাশের স্বধীনতা, নারীর ক্ষমতামন, শিশুদের অধিকার, এলজিবিটিকিউআই+ অধিকার, অভিবাসীদের অধিকার, গণতন্ত্র এবং মানবাধিকারের ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার, মানবাধিকার ও সুরক্ষার সমস্যাবলী, ব্যবসাম এবং মানবাধিকার, জনস্বাস্থ্যে সহযোগিতা, এবং মানবিক সহায়তা ও বিপর্যয় ত্রাণ নিয়ে তাদের মত ও চিন্তা বিনিময়
- 4. উভয়পক্ষ, মানবাধিকার রক্ষক এবং সাংবাদিক ও সংগঠনের স্বাধীনতা ও শান্তিপুর্ণ জমায়েতের প্রতি শ্রদ্ধা সহ স্বাধীনতা রক্ষা, সুশীল সমাজের কার্যকর্তাদের স্বাধীনতা ও বৈচিত্রার গুরুত্বের প্রতি সহমত হয়েছে। ইইউ সর্বক্ষেত্রে, শুধুমাত্র ব্যতিক্রম বাদে মৃত্যু দন্ডের প্রতি তাদের বিরোধিতা পুনরায় ব্যক্ত করেছে। ভারত উল্লয়নের অধিকারকে একটি স্বতন্ত্র, সর্বজনীন, অপরিবর্তনীয় এবং মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দেবার বিষয়ে তার অবস্থান পুনর্ব্যক্ত করেছে যা সকল দেশের মানুষের ক্ষেত্রে প্রযোজ্য।
- 5. ভারত এবং ইইউ, আন্তর্জাতিকভাবে শ্বীকৃত মানবাধিকার আইন এবং মানের উপর ভিত্তি করে মানবাধিকারের বিষয়ে আরও বেশি সম্পৃক্ততা বাড়ানোর প্রয়োজনকে ব্যক্ত করেছে। উভয় তরফ, মানবাধিকার এবং জাতীয় মানবাধিকার প্রতিষ্ঠানগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা, সুশীল সমাজের কার্যকর্তা এবং সাংবাদিকদের রক্ষা ও প্রচারের জন্য জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকার কর্মপন্থাকে শক্তিশালী করার গুরুত্বকে শ্বীকৃতি দিয়েছে।
- 6. ভারত এবং ইইউ ব্যবসা ও মানবাধিকার বিষয়ে রাষ্ট্রসঙ্ঘের নির্দেশিকা নীতির বাস্তবায়নের বিষয়ে একে অপরকে আপডেট দিয়েছে। ইইউ ভারতীয় পক্ষকে কর্পোরেট স্থিতিশীলতার কারণে

অধ্যাবসায় নিয়ে তার সাম্প্রতিক উদ্যোগের কথা জানিয়েছে। ভারত ইইউকে ব্যবসায় ও মানবাধিকারের উপরে এর প্রথম জাতীয় কর্ম পরিকল্পনার অবস্থার আপডেট দিয়েছে। ভারত ও ইইউ, ব্যবসায় ও মানবাধিকারের ক্ষেত্রে সহযোগিতাকে গভীর করবে।

- 7. তারা উভয়ে, ইউনিভার্সাল পিরিয়ডিক রিভিউ(ইউপিআর) কর্মপ্রক্রিয়া সহ এবং মানবাধিকারের ক্ষেত্রে আন্তর্জাতিক কোরামে, বিশেষত রাষ্ট্রসঙ্ঘের সাধারণ পরিষদে এবং রাষ্ট্রসঙ্ঘের মানবাধিকার পরিষদে(ইউএনএইচআরিসি)সহযোগিতা বাড়ানোর গুরুত্বের উপরে বহুপাক্ষিকতার প্রতি তাদের অঙ্গীকারকে পুনরায় ব্যক্ত করেছে। জেনেভা ভিত্তিক রাষ্ট্রসঙ্ঘে ভারতে স্থায়ী মিশন এবং ইউরোপিয় ইউনিয়ন তাদের আদানপ্রদান অব্যহত রাখবে এবং 50 তম ইউএনএইচআরিস অধিবেশনের ফাঁকে লিঙ্গ সমতা, জল ও শ্বাস্থ্যব্যবস্থার উপরে পার্শ্ব–ইভেন্টের পরে আরও যৌথ কার্যক্রম সংগঠিত করবে।
- 8. ভারত এবং ইইউ গণতন্ত্র, শ্বাধীনতা, আইনের শাসন এবং মানবাধিকারের জন্য শ্রদ্ধার বিটিত আদর্শ ও মূল্যবোধের প্রতি তাদের অঙ্গীকারকে পুনরায় ব্যক্ত করেছে। ভারত ও ইইউ 2023-এ পরবর্তী মানবাধিকার সংলাপের জন্য উন্মুখ হয়ে আছে।
- 9. মানবাধিকার সংলাপের যুগ্ম পৌরোহিত্য করেছেন ভারতের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের ইউরোপ পশ্চিমের যুগ্ম সচিব শ্রীযুক্ত সন্দীপ চক্রবর্তী এবং ভারতে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত শ্রীযুক্ত উগো আস্তুতো।

নিউ দিল্লি জুলাই 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.